## উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভার কার্যবিবরণী (বিবেচ্য মাস: ফেব্রুয়ারি /২০২৫)
অধিবেশন:-১৪৫

সভাপতি : সারমিনা সাত্তার, প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল।
স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ।
তারিখ : ২৬ ফেব্রুয়ারি ২০২৫
সময় : সকাল-১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের হাজিরা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত।

সভার প্রারম্ভে সভাপতি সকল সদস্যগণকে শুভেচ্ছা ও সালাম জানান। বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন ও বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কাজ নিম্নবর্ণিতভাবে আরম্ভ করেন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ০১। **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা** জানান যে, সমগ্র বাংলাদেশে নান্দাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বর্তমানে স্বাস্থ্য ব্যবস্থা শক্তিশালীকরণ (এইচএসএস) সর্বশেষ র‍্যাঙ্কিংয়ে ৪৯৫ উপজেলার মধ্যে ৩৮ তম স্থান অর্জন করেছে। গত ৬ মাসে ১৮৪ ধাপ এগিয়েছে। উপজেলা হাসপাতালে প্রতি সোমবার ও বৃহস্পতিবার সিজার কাজ পরিচালনা করা হয়। সিজারিয়ান রোগী বেশী করে পাঠানোর জন্য সকলকে অনুরোধ করেন। | উপজেলা হাসপাতালে প্রতি সোমবার ও বৃহস্পতিবার সিজার কাজ পরিচালনা করা হয়। সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণ সিজারিয়ান রোগী পাঠাবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল সদস্যগণ। |
| উপজেলা হাসপাতালে ডাক্তার সংকটের কথা উল্লেখ করেন। সকাল ১০.০০ টা থেকে ১.০০ ঘটিকা পর্যন্ত হাসপাতাল গেইটে একজন আনসার দেয়ার প্রস্তাব উত্থাপন করেন। | পরিচ্ছন্নতাকর্মী ও সিকিউরিটি গার্ড পূর্বে কিভাবে নিয়োগ দেয়া হয়েছিলো এ বিষয়ে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে বিস্তারিত জানানোর জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, নান্দাইল। |
| ০২। **উপজেলা কৃষি বিভাগ** ঃ চলতি রবি মৌসুমে বোরো ধানের লক্ষমাত্রা ছিল ২২২৮০ হেঃ, ইতোমধ্যে ১৮০০০ হেঃ জমিতে রোপন সম্পন্ন হয়েছে।<br>অন্যান্য ফসলের মধ্যে শাকসজি-১২৫০ হেঃ, গম- ৬৫ হেঃ, ভূট্টা-২৯০ হেঃ, আলু-৬০ হেঃ, পেঁয়াজ-২৫ হেঃ, রসুন-২৩ হেঃ, জমিতে আবাদ হয়েছে। | কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রতিটি কর্মকর্তা কৃষকদের পাশে থেকে নিরলসভাবে কৃষিসেবা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| যেসকল কৃষকদের বসতবাড়িতে বাগান করার পর্যপ্ত জায়গা নেই তাদেরকে বস্তায় আদা ও সবজি চাষে উদ্বুদ্ধ করা হচ্ছে। | স্ব স্ব দপ্তরের অফিস চত্বরে আদা ও সবজি চাষ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | দপ্তর প্রধানগণ (সকল)। |
| বর্তমানে বিভিন্ন রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। আজ পর্যন্ত ইউরিয়া সারের মজুদ ৫৭০ মেঃ টন, টিএসপি-৭০ মেঃটন, ডিএপি- ৯০ মেঃটন, এমওপি-৭০ মেঃটন, ফেব্রুয়ারি মাসের বরাদ্দ সুষ্ঠুভাবে বিভাজন করা হয়েছে। রাসায়নিক সারের সংকট অতিরিক্ত দামে বৃদ্ধি যেন বিক্রি না হয় সে লক্ষ্যে মনিটরিং কার্যক্রম জোরালো করা হয়েছে। | কোন ধরণের রাসায়নিক সারের সংকট যেন না হয় এবং দোকান মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, নান্দাইল। |
| ০৩। **উপজেলা মৎস্য বিভাগ** : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জানান ফেব্রুয়ারী/২০২৫ মাসে রাজস্ব খাতের আওতায় ৪০ জন চাষীকে ২ ব্যাচে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। মৎস্য বিষয়ক বিভিন্ন সেবা পানি পরীক্ষাসহ নিয়মিত সেবা প্রদান করা হচ্ছে।<br>এছাড়া ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার এন্ড ওয়াটার ম্যানেজমেন্ট প্রকল্পের আওতায় প্রদর্শনী প্রাপ্ত চাষীদেরসহ প্রকল্প এলাকা নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ০৬/০২/২০২৫ তারিখ মাঠ দিবস পালন করা হয়েছে। | মৎস্য চাষীদের মৎস্য বিষয়ক বিভিন্ন সেবা কার্যক্রম চলমান রাখা এবং পনা মাছ উন্মুক্ত জলাশয়ে অবমুক্ত করণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, নান্দাইল। |

CamScanner

| | | |
|---|---|---|
| ০৪। **উপজেলা প্রাণী সম্পদ বিভাগ** : উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা জানান যে, গবাদিপশু চিকিৎসা ১,৮৫৫ টি, হাস-মুরগী চিকিৎসা ১৭৮২৮ টি কৃত্রিম প্রজনন ৪৬৫ টি কার্যক্রম সম্পন্ন হয়েছে। গবাদিপশু ভ্যাকসিন- ২২৯০ মাত্রা, হাস-মুরগী ৩৫৪০০ মাত্রা বিষয়ে আলোচনা করেন। আসন্ন রমজান উপলক্ষ্যে গরীব মানুষের জন্য সুলভ মূল্যে/ভূর্তকি মূল্যে গরুর মাংস সরবরাহের জন্য প্রস্তাব উথাপন করেন। | আসন্ন রমজান উপলক্ষ্যে গরীব মানুষের জন্য সুলভ মূল্যে/ভূর্তকি মূল্যে গরুর মাংস ও হাঁস মুরগীর ডিম সরবরাহের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে পরামর্শপূর্বক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নান্দাইল। |
| ০৫। **উপজেলা প্রকৌশলী জানান যে,** ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচীর (এডিপি) এর বরাদ্দ ও স্কীম এবং টেন্ডার বিষয়ে আলোচনা করেন।<br><br>তিনি জানান যে, এলজিইডি'র অধীনে বর্তমানে অত্র উপজেলায় ১২টি প্রাথমিক বিদ্যালয়সহ বিভিন্ন অবকাঠামো উন্নয়নের কাজ চলমান রয়েছে।<br><br>এছাড়াও উপজেলা নির্বাহী অফিসারের বাস ভবনে গার্ডরুম নির্মাণ, বাথরুম নির্মাণ, গাড়ির গ্যারেজ নির্মাণ, দৃষ্টিনন্দন গোল ঘর নির্মাণ্ কাজের ৪ টি পৃথক প্রাক্কলন সভায় উত্থাপন করেন। যার প্রাক্কলিত মূল্য- ২৮,৫০,০০০/- টাকা। | জনগুরুত্ব বিবেচনায় রাজস্ব তহবিলের মাধ্যমে স্কীম ২টি বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদনের জন্য প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>স্থানীয় সরকার বিভাগের অনুমোদন প্রাপ্তি সাপেক্ষে বিধি মোতাবেক কোটেশন/দরপত্র আহবানের জন্য উপজেলা প্রকৌশলী, নান্দাইল-এর দৃষ্টি আকর্ষণ করা হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল/<br>ও<br>উপজেলা প্রকৌশলী, নান্দাইল। |
| ০৬। **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান,** ২০২৪-২০২৫ অর্থ বছরের কাবিখা ১৫৩.৮৫০ মেঃ টন গম, কাবিটা ২,১৫,৩৮,৯৯৭/- টাকা, টিআর ২,০৪,০৮,৩৩৮/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে।<br><br>কাবিখা/কাবিটা চাল সর্বনিম্ন ৪.০০০ মেঃটন অথবা সমমূল্যের ২,২৫,৫২৮/- টাকা ও গম সর্বনিম্ন ৫.০০০ মেঃটন অথবা সমমূল্যের ২,৩০,০৯৮/- টাকা, টাকা সর্বনিম্ন ২,০০,০০০/- টাকা। টি আর চাল সর্বনিম্ন ২.০০০ মেঃট অথবা সমমূল্যের ১,১২৭৬৪/- টাকা এবং সর্বোচ্চ ৭.০০০ মেঃটন অথবা সমমূল্যের ৩,৯৪৬৭৪/- টাকা। গম সর্বনিম্ন ২.৫০০ মেঃটন অথবা সমমূল্যের ১,১৫০৪৮/- টাকা এবং সর্বোচ্চ ১০.০০০ মেঃটন অথবা সমমূল্যের ৪,৬০,১৯৫/- টাকা নির্দেশনা সভায় উত্থাপন করেন। | ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট কমিটি তৈরী করে প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>প্রকল্প বাস্তবায়নের জন্য পর্যাপ্ত সময়সীমা থাকায় দ্রুত স্কীম গ্রহণ করা এবং সতর্কতার সাথে সঠিকভাবে প্রকল্পের কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, নান্দাইল। |
| ০৭। **উপজেলা শিক্ষা কর্মকর্তা জানান যে,** জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২৫ প্রতিযোগিতা ইউনিয়ন পর্যায়ে চলমান রয়েছে। জনবল সংকট থাকায় ০২ জন উপজেলা সহকারি শিক্ষা কর্মকর্তা যোগদান করেছেন। উপজেলা শিক্ষা অফিসের নিচ তলায় মেরামত কাজ শুরু হবে।<br>কক্ষের সংকট থাকায় দ্রুত মেরামত কাজ সম্পন্ন করার প্রস্তাব উত্থাপন করেন।<br><br>চর ভেলামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের নিলামের পরেও ঠিকাদার পুরাতন ভবন ভেংগে না নেওয়ায় নতুন ভবনের কাজ শুরু হচ্ছে না।<br><br>জাহাঙ্গীরপুর বালুয়াপুকুর পাড় সঃ প্রাঃ বিদ্যালয়ের জমি সংক্রান্ত সমস্যার কারনে নতুন ভবন নির্মানের কাজ শুরু হয়েও বর্তমানে কাজ বন্ধ আছে। এ বিষয়ে সহযোগিতা কামনা করেন। | উপজেলা শিক্ষা অফিসের নিচ তলার মেরামত কাজের গুনগতমান বজায় রেখে কাজ বাস্তবায়ন এবং কর্মকর্তাদের বসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>চর ভেলামারী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনের নিলামের পরেও ঠিকাদার পুরাতন ভবন ভেংগে না নেওয়ার কারনে, কারন দর্শানো নোটিশ দেওয়ার এবং প্রয়োজনে ১ম ডাককারির কার্যাদেশ বাতিল করে ২য় ডাককারিকে কার্যাদেশ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডিকে জাহাঙ্গীরপুর বালুয়াপুকুর পাড় সঃ প্রাঃ বিদ্যালয়ের জমি সংক্রান্ত সমস্যার সমাধান করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী এলজিইডি, নান্দাইল।<br><br>উপজেলা প্রকৌশলী, এলজিইডি, নান্দাইল/ উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নান্দাইল। |
| ০৮। **উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান যে,** পাঠ্য পুস্তক প্রাপ্তি সাপেক্ষে বিতরণ চলছে। | বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠান সুন্দরভাবে আয়োজন করার জন্য সংশ্লিষ্ট সকলকে উপজেলা নির্বাহী | |

CS CamScanner

| | | |
|---|---|---|
| বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা চলমান রয়েছে এবং স্কাউটস কার্যক্রম চলমান রয়েছে। | অফিসার মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন। | |
| ০৯। উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়ের আওতায় উপজেলা প্রাথমিক শিক্ষকদের মাঝে ১,৬৫,০০,০০০/- টাকা এবং উপজেলা মাধ্যমিক শিক্ষকদের মাঝে ১,৭১,০০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। উক্ত ঋণ আদায়ের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সহযোগীতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের নিমিত্ত উপজেলা সমবায় কর্মকর্তাকে নোটিশ প্রদানে জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাদ্বয়কে খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে সার্বিক সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>নোটিশ প্রদানের পর ঋণ আদায় না হলে। পরবর্তীতে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল।<br><br>উপজেলা সমবায় কর্মকর্তা, নান্দাইল। |
| **১০। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে,** সিংরইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রটি নিরাপত্তার স্বার্থে কাঁটা তারের বেড়া দেওয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | সিংরইল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যান কেন্দ্রের নিরাপত্তার স্বার্থে কাঁটা তারের বেড়া দেয়ার, প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কতৃপক্ষ। |
| **১১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা (বিআরডিবি) জানান,** সরকারি ভর্তুকি মূল্যে ১৯৯০ এর দশকে বিআরডিবি কর্তৃক প্রদেয় ১৬২টি গভীর নলকূপের অধিকাংশই চালু আছে। সেচ মৌসুমে সুষ্ঠুভাবে সেচ পরিচালনায় সংশ্লিষ্ট সকল সদস্যগণের সহযোগিতা কামনা করেন।<br><br>আগামী ২৭/০২/২০২৫ তারিখ বিআরডিবির আওতাধীন নান্দাইল ইউসিসিএ লিঃ এর বার্ষিক সাধারণ সভা সুষ্ঠুভাবে আয়োজনে সকল এর সহযোগিতা কামনা করেন। খেলাপী ঋণ আদায়ের জন্য প্রশাসনিক সহযোগিতা কামনা করেন। | খেলাপী ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট মামলা করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, নান্দাইল। |
| **১২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে,** মা ও শিশু সহায়তা ভাতার তালিকা সঠিক সময়ে ইউনিয়ন পরিষদ হতে পাওয়া যাচ্ছে না।<br>প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | মা ও শিশু সহায়তা ভাতার তালিকা বিষয়ে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগনের সাথে যোগাযোগকরে মৌখিকভাবে তাগিদ দেয়া এবং লিখিতভাবে চিঠি দেয়ার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, নান্দাইল। |
| **১৩। উপজেলা আইসিটি কর্মকর্তা জানান যে,** ইন হাউজ প্রশিক্ষণ কার্যক্রম উন্মুক্ত রয়েছে।<br>এডিপি বরাদ্দের আওতায় আইসিটি প্রশিক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব উত্থাপন করেন। | ওয়েব পোর্টাল আপডেট করা এবং প্রত্যন্ত এলাকার শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাবগুলো পরিদর্শন ও পরিচালনার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা, নান্দাইল। |
| **১৪। উপজেলা বন বিভাগ :** ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান যে, মুশুল্লী চৌরাস্তা হতে কালিগঞ্জ বাজার সংযোগ সড়ক ১৯৯৩-১৯৯৪ সনে সৃজিত ৩.০ কি:মি: বাগান সড়ক উন্নয়ন মূলক কাজের জন্য জরুরী ভিত্তিতে টেন্ডারের মাধ্যমে বিক্রয় করা হয়। যার বিক্রয় মূল্য ৫,৮৪,৩৫০/- টাকা সামাজিক বনায়ন বিধি মোতাবেক/২০২৪ মোতাবেক লভ্যাংশ বিতরণের হার নিম্নরূপ:<br><br>বন রাজস্ব ১০%=৫৮,৪৩৫/-, ভূমি মালিক সংস্থা ২০%=১১,৬৮৭০/-, অংশিদার ৫৫%=৩,২১,৩৯২/-, টিএফএফ ১০%=৫৮,৪৩৫/-, ইউনিয়ন পরিষদ ৫%=২৯,২১৭/- ভূমি মালিক হিসাবে<br>মুশুল্লী ইউপি পাবেন ২০%+৫% মোট ২৫%= | উপজেলা বন উন্নয়ন কমিটির সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা বন কর্মকর্তা, নান্দাইল। |

CS CamScanner

| | | |
|---|---|---|
| ১,৩৩,৩৩৭/-<br>রাজগাতী ইউপি ২০%+ ৫% মোট ২৫%= ১২,৭৫০/-<br>=১,৪৬,০৮৭/- | | |
| **১৫। উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা** জানান যে, জানুয়ারি/২০২৫ মাসে মোট ৭৫ জনকে ৪০,৫০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে। মোট ঋণ স্থিতি আছে ২৫,৫৯.৫০ (দুই কোটি উনষাট লক্ষ্য পঞ্চাশ হাজার) টাকা মোট খেলাপী ১,৩৪.৭৬ (এক কোটি চৌত্রিশ লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা। | খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, নান্দাইল। |
| **১৬। ইউডিএফ (জাইকা):** অত্র উপজেলার দায়িত্বপ্রাপ্ত ফ্যাসিলিটেটর সভাকে জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের গাইডলাইন মোতাবেক ১৭টি দপ্তরের উপজেলা কমিটি গঠন বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের গাইডলাইন অনুসারে ১৭টি দপ্তরের উপজেলা কমিটি গঠনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ। |
| **১৭। পল্লী সঞ্চয় ব্যাংক :** শাখা ব্যবস্থাপক এর প্রতিনিধি জানান যে, জানুয়ারি/২০২৫ মাসে মোট সঞ্চয় আদায় ৭.৯৪,০০০/- টাকা, ঋণ আদায় হয়েছে ৯৬.০০ লক্ষ টাকা ও ঋণ বিতরণ হয়েছে ৯৫.০০ লক্ষ টাকা। খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রেরণ করা হেয়েছে। | খেলাপী ঋণ আদায়ের জন্য নোটিশ প্রেরণ এবং প্রয়োজনে সার্টিফিকেট মামলা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, নান্দাইল। |
| **১৮। ডেপুটি জেনারেল ম্যানেজার কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**, নান্দাইল জোনাল অফিস জানান যে, বর্তমান সময়ে লোড শেডিং কম রয়েছে। আসন্ন রমজান মাসে বিদ্যুৎ সরবরাহ সঠিকভাবে দেয়ার বিষয়ে আলোচনা করেন।<br>তিনি আরও জানান যে, অত্র উপজেলার বিভিন্ন অফিসের ও আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। উক্ত বকেয়া বিল পরিশোধ করার জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানান। | আসন্ন রমজান মাসে বিদ্যুৎ সরবরাহ সঠিক রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিভিন্ন অফিসের ও আবাসিক কোয়ার্টারের বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। | ডেপুটি জেনারেল ম্যানেজার কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি, নান্দাইল জোনাল অফিস। |
| **১৯। উপজেলা নির্বাহী অফিসার, নান্দাইল জানান যে,**<br>(ক) শীত ও গ্রীষ্মকালীন খেলাধূলার আয়োজন করার জন্য বলেন।<br>(খ) সকল প্রকার দাপ্তরিক কাজকর্ম সঠিক ও বিধি মোতাবেক দায়িত্বশীলতা ও সতর্কতার সহিত বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন।<br>(গ) উপজেলার সকল সরকারি দপ্তর প্রধানগণকে যেকোন সমস্যায় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সাথে যোগাযোগ করার পরামর্শ প্রদান করেন। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) এবং উপজেলার সকল সরকারি দপ্তরের প্রধানগণ উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বক্তব্যকে সাধুবাদ জানান এবং তাঁর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন। | সকল সদস্যগণ। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ, নান্দাইল, ময়মনসিংহ কর্তৃক উপস্থিত সম্মানিত সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৬/২/২৫

(সারমিনা সাত্তার)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
নান্দাইল, ময়মনসিংহ।

CS CamScanner

CamScanner